



তথ্যবিবরণী

নম্বর-০৪৯

শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে রাসিকের মতবিনিময় সভা

রাজশাহী; ০৮ আশ্বিন (২৩ সেপ্টেম্বর):

আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে নগর ভবনের সিটি হল সভাকক্ষে আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে রাসিকের আয়োজনে সনাতন ধর্মীয় নেতৃবৃন্দ ও রাজশাহী মহানগরীর পূজা উদযাপন কমিটির সদস্যবৃন্দসহ বিভিন্ন মন্দির ও ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদকগণের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

দুর্গাপূজা উপলক্ষ্যে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে উল্লেখ করে প্রধান অতিথি বলেন, প্রতি বছরের ন্যায় এবারও আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। পূজার সময় সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশের পাশাপাশি আনসার সদস্য ও স্বেচ্ছাসেবক টিম কাজ করবে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সারাদেশে সেনাবাহিনী মোতায়েন রয়েছে। এছাড়াও প্রতিটি মণ্ডপে পূজা উদযাপন কমিটির পক্ষ থেকে সিসি ক্যামেরা সংযোজনের ব্যবস্থা রাখা হবে।

এ সময় জরুরি প্রয়োজনে ও দুর্ঘটনা এড়াতে সার্বক্ষণিকভাবে ফায়ারসার্ভিস ও এম্বুলেন্স প্রস্তুত রাখাসহ নানামুখী পূর্বপ্রস্তুতি নেয়া হবে উল্লেখ করে রাসিক প্রশাসক বলেন, রাজশাহী সিটি কর্পোরেশনের উদ্যোগে একটি ফোকাল পয়েন্ট করা হবে। পয়েন্টগুলো থেকে ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে যেকোনো পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হবে।

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে দুর্গাপূজা উদযাপনে রাসিকের সার্বিক সহযোগিতা বরাবরের মত অব্যাহত থাকবে বলে হুমায়ূন কবীর প্রতিশ্রুতি ব্যক্ত করে বলেন, পূজা সংশ্লিষ্ট এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। প্রতিমা বিসর্জনে প্রয়োজনীয় সুব্যবস্থার পাশাপাশি বিসর্জন ঘাটে ডুবুরী টিম রাখা হবে। দিনের আলোয় প্রতিমা বিসর্জন কার্যক্রম শেষ করতে সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান তিনি।

সরকারি বরাদ্দের পাশাপাশি রাজশাহী সিটি কর্পোরেশনের পক্ষ থেকে প্রতিটি পূজা মণ্ডপকে আর্থিক সহায়তা প্রদান করা হবে বলে তিনি জানান।

রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড.এবিএম শরীফ উদ্দিনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তৃতা করেন রাসিক সচিব মোঃ মোবারক হোসেন, আরএমপি'র উপ-পুলিশ কমিশনার (এস্টেট এন্ড ডেভেলপমেন্ট) মধুসূদন রায়, ভদ্রা আবাসিক পূজা উদযাপন পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সুবোধ চন্দ্র সরকার, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্ট রাজশাহীর সভাপতি অচিন্ত্য কুমার বিশ্বাস সান্টু, রাজশাহী ধর্মসভার সভাপতি পার্থ পাল চৌধুরী। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দ, পূজামণ্ডপের নেতৃবৃন্দ ও ক্লাব নেতৃবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এ বছর রাজশাহী মহানগরীতে ৭৮টি পূজা মণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে।

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭:৩০ ঘ.